

## বৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের ২০তম গ্রেড টাকা ৮,২৫০-২০,০১০/- হইতে ৬ষ্ঠ গ্রেড টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ ইং) পর্যন্ত বেতন স্কেলভুক্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর অধ্যয়নরত একজন মেধাবী সন্তানের লেখাপড়ার সাহায্যার্থে এমপ্লয়ীজ বেনিভোলেন্ট ফান্ড হইতে ২০১৮ ইং সনের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য নিম্নলিখিত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে। দরখাস্তসমূহ যথারীতি পূরণ করিয়া সর্বশেষ ২৯/০৮/২০১৮ ইং রোজ বুধবার এর মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে দাখিল করিতে হইবে (ফরম কম্পট্রোলার অফিসের ফান্ড শাখায় পাওয়া যাইবে এবং জমা নেওয়া হইবে)।

### শর্তাবলীঃ

- ১। সর্বশেষ বার্ষিক পরীক্ষার ফলাফল এর ফটোকপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান দ্বারা সত্যায়িত করিয়া দরখাস্তের সাথে সংযুক্ত করিতে হইবে।
- ২। আবেদনপত্রে উল্লেখিত তথ্যাবলি (পূর্ণাঙ্গ ঠিকানাসহ) যথাযথভাবে পূরণ করিয়া নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই দাখিল করিতে হইবে। উক্ত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।
- ৩। ছাত্র/ছাত্রীর মেধা ও শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর মূল বেতন ইত্যাদি সামগ্রিকভাবে বিবেচনাক্রমে বৃত্তির পরিমাণ নির্ধারণ করা হইবে (মেধা ভিত্তিক শিক্ষার্থীদের ক্রমমান নির্ধারণের ভিত্তি সংক্রান্ত নিয়মাবলী সংযুক্ত করা হইল)।
- ৪। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৫। শিক্ষা বৃত্তির ব্যাপারে সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

মোঃ জসিম উদ্দিন আকন্দ এফসিএমএ  
কম্পট্রোলার

### বিতরণঃ

- ১। সকল অফিস/বিভাগীয় প্রধান, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ২। সকল ডীন মহোদয়গণ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ৩। পরিচালক, ছাত্রকল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট/ সেন্টার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ৫। সকল হল প্রভোস্ট, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ৬। উপাচার্য মহোদয়ের সচিব, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা  
(উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। সকল নোটিশ বোর্ড, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ৮। এমপ্লয়ীজ ওয়েলফেয়ার ক্লাব, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ৯। ৪র্থ শ্রেণী কর্মচারী কল্যাণ ক্লাব, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ১০। অফিস কপি

ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের  
জন্য অনুরোধ করা হইল।

Circulate to teachers, staff, employee.  
(20)

BUET

17/07/18